

## সম্পাদকীয়:

বাংলাদেশে করোনাভাইরাসের প্রকোপ শুরু হয় ৮ মার্চ ২০২০ থেকে। করোনা প্রতিরোধে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করা হয় মার্চের তৃতীয় সপ্তাহে। কাঁচা বাজার, ঔষধের দোকান এবং কিছু সেবামূলক প্রতিষ্ঠান ছাড়া অফিস-আদালত, কল-কারখানা ও দোকানপাট বন্ধ হয়ে যায় মার্চের শেষ সপ্তাহে। তখন থেকেই বিপাকে পড়েন দৈনিক আয়ের ওপর নির্ভরশীল শ্রমজীবী মানুষেরা। এই মানুষদের সহায়তায় সরকারি-বেসরকারি নানা উদ্যোগের পাশাপাশি তৎপর রয়েছেন নাগরিক সংগঠন সুজন-এর বন্ধুরাও। একদিকে তারা যেমন বিপদাপন্ন মানুষের পাশে দাঁড়াচ্ছেন, পাশাপাশি তারা জনসচেতনতা বৃদ্ধির কাজও করছেন। সুজন-এর বন্ধুদের উদ্যোগগুলোকে তুলে ধরার জন্যই আমাদের এই নিউজ লেটার।

## মানবতার কল্যাণে নিবেদিত আলী ইউসুফের কথা

মানবতার কল্যাণে নিবেদিত এক নাম আলী ইউসুফ। সুজন-ময়মনসিংহ মহানগর কমিটির সম্পাদক। এছাড়াও বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক উদ্যোগের সাথেও সম্পৃক্ত তিনি। অর্থবিভে প্রাচুর্যের অধিকারী না হলেও মানবতাবোধে তিনি ঐশ্বর্যশালী। কেননা বিপদে মানুষের পাশে দাঁড়ানোর



ক্ষেত্রে সব সময় তাঁর অবস্থান সামনের কাতারে।

করোনাভাইরাসের প্রভাবে সবকিছু যখন লুপ্তভুত, বিপদের আশঙ্কায় মানুষ যখন দিশেহারা, তখনও জনাব আলী ইউসুফ বিপন্ন মানুষের পাশে। ফেসবুকে আহবান জানিয়ে ফেসবুক বন্ধুসহ ডাক্তার, ব্যবসায়ী, প্রবাসী, এপেক্স ক্লাব অর্থাৎ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ ও সংগঠনের কাছ থেকে

তিনি সর্বমোট ১ লক্ষ ৩৫ হাজার টাকা সংগ্রহ করেন এবং তা দিয়ে এপ্রিলের প্রথম সপ্তাহে ১৫০টি দৈনিক আয়নির্ভর কর্মহীন পরিবারে, পরিবার প্রতি ১০ কেজি চাল, ২ কেজি আটা, ২ কেজি আলু, ১ কেজি পেঁয়াজ, ১ কেজি লবন, ১ প্যাকেট মুড়ি, ৫০০ মিঃ লিঃ সয়াবিন তেল, ২৫০ মিঃ লিঃ সরিষার তেল অতি সংগোপনে বাড়ি বাড়ি গিয়ে বিতরণ করেন। পাশাপাশি সামাজিক যোগাযোগ মাধ্যমে তার আহবানে সাড়া দিয়ে ইতোমধ্যেই ২৫ জন ব্যক্তি ঈদের খরচ কাটছাট করে ২৫টি পরিবারে খাদ্য সহায়তার দায়িত্ব নিয়েছেন; যে প্যাকেজে রয়েছে ২৫ কেজি চাল, ২ কেজি আলু, ২ কেজি পেঁয়াজ, ২ লিটার সয়াবিন তেল, ১ কেজি ছোলা, ১ কেজি মুসুর ডাল, ১ কেজি খেসারী ডাল, ১ কেজি চিনি ও ১ কেজি মুড়ি। উল্লেখ্য, সহায়তা প্রদানকারীর সংখ্যা ক্রমেই বাড়ছে।

জনাব আলী ইউসুফের কাজ শুধু খাদ্য সহায়তার মধ্যেই সীমাবদ্ধ নয়। করোনাভাইরাসে আক্রান্ত কেউ মৃত্যুবরণ করলে তাদের দাফন ও সৎকার কার্যক্রমের সমন্বয়ের দায়িত্ব নিয়েছেন তিনি। এ লক্ষ্যে ময়মনসিংহ সিটি কর্পোরেশনের উদ্যোগে গঠিত তিনটি কমিটির সমন্বয়কারীর দায়িত্ব তিনি স্বেচ্ছায় গ্রহণ করেছেন। এই দুর্যোগময় মুহূর্তেও তিনি ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে প্রায় শূন্য হয়ে যাওয়া ব্লাড ব্যাংকে ১২ ব্যাগ রক্ত সংগ্রহ করে দিয়েছেন; যে রক্তদাতার তালিকায় নিজের নামটি যুক্ত করে তিনি স্বেচ্ছা রক্তদাতা হিসেবে তাঁর অর্ধশতকের কোটা (৫০ বার) পূরণ করলেন।

## সুনামগঞ্জে কর্মহীন মানুষদের নগদ অর্থ সহায়তা প্রদান

সুজন-সুনামগঞ্জ জেলা কমিটির উদ্যোগে কর্মহীন মানুষের মাঝে নগদ অর্থ বিতরণ করা হয়েছে। গত ২৩ ও ২৪ এপ্রিল ২০২০-এ সুনামগঞ্জ শহরের

সুরমা আবাসিক এলাকা, বড়পাড়া আবাসিক এলাকা, বাধনপাড়া আবাসিক এলাকা ও জামাইপাড়ায় ৩৪টি কর্মহীন পরিবারে এই অর্থ সহায়তা প্রদান করা হয়। অর্থ সহায়তার পরিমাণ ছিল পরিবার প্রতি ৫০০ টাকা।



সুজন-সুনামগঞ্জ জেলা কমিটির সিনিয়র সহ-সভাপতি জনাব আলী হায়দার, সহ-সভাপতি জনাব আশরাফ হোসেন লিটন, সাধারণ সম্পাদক জনাব ফজলুল করিম সাইদ, নির্বাহী সদস্য রুবী চৌধুরী, সুরমাপোস্ট ডটকমের সম্পাদক ও প্রকাশক জনাব কুদরত পাশা অর্থ সহায়তা প্রদানের কাজটি সম্পন্ন করেন।

## শ্রীনগরে সুজন-এর উদ্যোগে জীবাণুমুক্তকরণ কার্যক্রম:



করোনাভাইরাস থেকে রক্ষা পাওয়ার জন্য সুজন-শ্রীনগর উপজেলা কমিটির সাধারণ সম্পাদক মোঃ জসিম মোল্লার নেতৃত্বে শ্রীনগর সদরের বিভিন্ন রাস্তাঘাট, দোকানপাট ও শিক্ষাপ্রতিষ্ঠানে ব্যাপকভাবে জীবাণুমুক্তকরণ কার্যক্রম পরিচালনা করা হয়। গত ১৮ এপ্রিল ২০২০, শনিবার, সুজন সদস্য এবং তরুণদের একত্রিত করে এই কাজ করা হয়।

এ ছাড়াও জনসচেতনতামূলক প্রচারণা, মানুষকে ঘরে থাকার আহ্বান জানানো, আর্থিকভাবে সামর্থবানদের দরিদ্র মানুষের পাশে দাঁড়ানো ইত্যাদি বিষয়ে উদ্বুদ্ধ করা হয়।